যুগান্তর

তারিখ ····26 MAR 2017
পৃষ্ঠা ··২··· কলাম···৩

# শিক্ষাই দেশ ও জাতিকে এগিয়ে নিতে পারে

—অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি

**যুগান্তর রিপোর্ট,** *নবাবগঞ্জ*

শিক্ষাই দেশ ও জাতিকে এগিয়ে নিতে পারে। এর বিকল্প নেই। নেপোলিয়ন বলেছিলেন, আমাকে শিক্ষিত মা দাও, আমি তোমাদের একটি শিক্ষিত জাতি উপহার দেব। শনিবার ঢাকার দোহারে জয়পাড়া কলেজ গভর্নিং বডির সভায় সভাপতির বক্তব্যে সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি এসব কথা বলেন।

অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি কলেজ গভর্নিং বডিতে দ্বিতীয়বার সভাপতি নির্বাচিত হওয়ায় তাকে অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা জানানো হয়। এটা ছিল নতুন কমিটির প্রথম বৈঠক। দ্রুত কমিটির অনুমোদন দেয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকেও সভার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

কলেজ অধ্যক্ষ ও গভর্নিং বডির সদস্য সচিব তাপস কুমার নন্দীর সঞ্চালনায় সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন কলেজের হিতৈষী সদস্য মো. ফজলুল হক, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিদ্যোৎসাহী সদস্য সুরুজ আলম, অভিভাবক সদস্য হেসাম উদ্দিন, মো. রমজান আলী মল্লিক, মো. মোক্তার হোসেন, কো-অপ্ট সদস্য ডা. রামকৃষ্ণ সাহা, শিক্ষক প্রতিনিধি আবদুল মুতালিব আহমেদ, মাকসুদা আক্তার, মো. সুমন আলী মল্লিক, জাতীয় পার্টির নবাবগঞ্জ উপজেলার যুগ্ম আহ্বায়ক মো. জুয়েল আহম্মেদ, জাতীয় পার্টি দোহার উপজেলার আহ্বায়ক ডা. আলাউদ্দিন আল আজাদ ও সদস্য সচিব মো. আলীম, কলেজের আইসিটি ইন্সট্রাকটর মো. জাহাঙ্গীর আলম প্রমুখ। বক্তারা সভাপতিকে কলেজের নানা সমস্যা অবহিত করেন। কলেজে শিক্ষার্থীর সংখ্যা তিন সহস্রাধিক। তীব্র শ্রেণীকক্ষ সংকট বিরাজ করছে। তাই নতুন ভবন নির্মাণে উদ্যোগ নেয়ার অনুরোধ জানান। গভর্নিং বডির সভাপতি অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি কলেজটিকে দোহারের অন্যতম শ্রেষ্ঠ কলেজে উন্নীত করার লক্ষ্যে শিক্ষক-অভিভাবক-শিক্ষার্থী সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, এ কলেজ ১৯৭২ সালে প্রতিষ্ঠিত হলেও সে তুলনায় উন্নয়নের ছোঁয়া লাগেনি, অবকাঠামোসহ নানা সমস্যা রয়েছে। ইনশাআল্লাহ্ অচিরেই এসব সমস্যার নিরসন হবে। জয়পাড়া কলেজকে একটি আধুনিক কলেজে রূপান্তরিত করা হবে। এজন্য সবার আন্তরিক সহযোগিতা দরকার। তিনি আরও বলেন, সময়ের মূল্য দিতে হবে। সময়কে ঠিকমতো কাজে লাগাতে হবে। আসুন দলমত নির্বিশেষে দোহারের সর্বোচ্চ বিদ্যাপীঠ জয়পাড়া কলেজকে আদর্শ কলেজে পরিণত করি।